গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১২.২১ তারিখ:২৮/১১/২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- ০৪২/২০২১

অভিযোগনামা

যেহেতু, আপনি মোছাঃ বেবী খাতুন, পিতা- মোঃ মন্তেজার রহমান মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া তে কর্মরত আছেন;

২। যেহেতু, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া এর সাব স্পেশালিস্ট ওয়ার্ড ইনচার্জের দায়িত্বকালীন সময়ে হাসপাতালের সরকারি ঔষধ চুরির বিষয়ে স্থানীয়ভাবে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী আপনার মৌখিক এবং লিখিত জবানবন্দিতে ঔষধ চুরির বিষয়ে অস্বীকার করলেও তদন্ত কমিটির মতামত অনুযায়ী দোষী সাব্যস্ত হন;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ১২/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১২.২১.৩৩২ নং স্মারকে কারণ দর্শানো হয় এবং আপনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেন;

৪। যেহেতু, আপনার এরূপ কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৫। সেহেতু, আপনি মোছাঃ বেবী খাতুন, পিতা- মোঃ মন্তেজার রহমান মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়াকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

প্রাপকঃ মোছাঃ বেবী খাতুন
সিনিয়র স্টাফ নার্স

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

বর্তমান ঠিকানা
মোছাঃ বেবী খাতুন
পিতা- মোঃ মন্তেজার রহমান মন্ডল
তত্ত্বাবধায়কের কার্যালয়
শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া

স্থায়ী ঠিকানা
মোছাঃ বেবী খাতুন
পিতা- মোঃ মন্তেজার রহমান মন্ডল
গ্রামঃ শেখপাড়া, ইউনিয়নঃ সাবগ্রাম
উপজেলাঃ বগুড়া, জেলাঃ বগুড়া।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১২.২১_৪৬৯/ ১ (৬) তারিখঃ ২৮/১১/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া।

৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৪। সেবা তত্ত্বাবধায়ক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া।

৫। উপপরিচালক, পিএমআইএস, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৮/১১/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm..gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

মোছাঃ বেবী খাতুন, পিতা- মোঃ মন্তেজার রহমান মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া তে কর্মরত আছেন। তিনি শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া এর সাব- স্পেশালিস্ট ওয়ার্ড ইনচার্জের দায়িত্বকালীন হাসপাতালের সরকারি ঔষধ চুরির বিষয়ে স্থানীয়ভাবে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী তার মৌখিক এবং লিখিত জবানবন্দিতে ঔষধ চুরির বিষয়ে অস্বীকার করলেও তদন্ত কমিটির মতামত অনুযায়ী দোষী সাব্যস্ত হন। তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ১২/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১২.২১.৩৩২ নং স্মারকে কারণ দর্শাতে নির্দেশ প্রদান করা হয় । কৈফিয়ত তলবের জবাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থণা করেছেন। তার এরূপ কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd